

Bartaman dt 23/09/2020

## পথকুকুরদের খাওয়ানোতে গিয়ে লিলুয়ায় আক্রান্ত মা ও মেয়ে

নিজস্ব প্রতিনিধি, হাওড়া: পথকুকুরদের খাওয়ানোর জন্য এক যুবকের হাতে আক্রান্ত হলেন মা এবং মেয়ে। রবিবার রাতে এই ঘটনা ঘটেছে লিলুয়ার সূর্যনগর এলাকায়। এখানকার বাসিন্দা কল্পনা বর্ধন এবং তাঁর কিশোরী মেয়ে দিয়া বর্ধন নিয়মিত রাতের বেলা ২০-২৫টি কুকুরকে খেতে দেন। সেগুলির দিকে লক্ষ্য-নজরও রাখেন তাঁরা। মারধরের ঘটনায় চোট পেয়েছেন মা ও মেয়ে। মাকে প্রাথমিক চিকিৎসার পর ছেড়ে দেওয়া হলেও মেয়ে এখনও ভর্তি রয়েছেন হাওড়া জেলা হাসপাতালে। তাঁর মাথায় চোট লেগেছে বলে জানিয়েছেন চিকিৎসকরা। পুলিশ তদন্ত শুরু করেছে।

পুলিস ও স্থানীয় সূত্রে জানা গিয়েছে, কুকুরকে খাওয়ানোর সময় রাতের বেলা তাদের চিংকারে ঘুমের ব্যাঘাত হয় বলে বেশ কিছুদিন ধরেই অভিযোগ করে আসছিল রাজা নামে ওই যুবক। এ নিয়ে তাদের মধ্যে আগেও একাধিকবার কথা কাটাকাটি হয়েছে। রবিবার রাতে যখন কুকুরগুলিকে খাবার দিচ্ছিলেন কল্পনাদেবী ও তাঁর মেয়ে, সেই সময় মদ্যপ অবস্থায় রাজা প্রথমে তাঁদের বাড়ি লক্ষ্য করে হাঁট ছোঁড়ে বলে অভিযোগ। প্রতিবাদ করলে কল্পনাদেবীর সঙ্গে বাদানুবাদ শুরু হয়ে যায়। তা শুনে মেয়ে দিয়া বেরিয়ে এলে কাছে পড়ে থাকা একটি বাঁশ নিয়ে মেয়েকে বেধড়ক মারধর করা হয়। বাঁচাতে এলে মাকেও মারা হয়। কয়েকজন প্রতিবেশীর হস্তক্ষেপে মা ও মেয়েকে উদ্ধার করে হাসপাতালে নিয়ে যাওয়া হয়। কল্পনাদেবী বলেন, মেয়ের ডান হাতের আঙুল ভেঙে গিয়েছে। মাথায় জেরাল চোট লেগেছে। অভিযুক্তর কঠোর শাস্তি দাবি করেন তিনি। পাশাপাশি কুকুরকে খাওয়ানো চলবে বলেও তিনি জানিয়েছেন।

3489/04/2020

158/WBHRC/SMe/2020.


W.B. HUMAN RIGHTS  
COMMISSION  
KOLKATA-27

File No. /25/ /2020


Date: 29. 09. 2020.

Enclosed is the news clippings appeared in the 'Bartaman', a Bengali daily dated 23. 09.2020, the news item is captioned 'পথ কুকুরদের খাওয়াতে গিয়ে লিলুয়ায় আক্রান্ত মা ও মেয়ে।

Commissioner of Police, Howrah Police Commissionerate is directed to cause an enquiry into the matter and to furnish a report to the Commission by 15<sup>th</sup> November, 2020.



(Justice Girish Chandra Gupta)  
Chairperson




(Naparajit Mukherjee)  
Member


Ld. Registrar to keep NHRC posted about cognizance taken on the subject by WBHRC and upload in the website.

Encl: News Item Dt. 23. 09.2020

Asstt. Secy.(L & R Wing) / S.O.  
is to take immediate action

  
29.09.2020

SDB

SDB(S)  
  
05/10/2020